



নিউ ইয়র্ক সিটির স্থানীয় বাধ্যবাধকতাগুলি সম্পর্কে আপনাকে যেগুলি জেনে রাখতে হবে

COVID-19 নিউ ইয়র্ক সিটি (NYC) তে তার সংক্রমণ অব্যাহত রেখেছে এবং নির্দিষ্ট কিছু অঞ্চলে কমিউনিটি সংক্রমণ বেড়ে যাওয়ায় উদ্বেগ বেড়ে চলেছে। স্টেটের সনাক্ত করা -- রেড, অরেঞ্জ, ইয়েলো তিনটি জোনে NYC বাধ্যবাধকতাগুলি কার্যকর করে পদক্ষেপ গ্রহণ করছে। আপনার জোন দেখতে ভিজিট করুন: nyc.gov/COVIDZone

রেড জোন

স্কুলসমূহ

সমস্ত নিউ ইয়র্ক সিটি সরকারি এবং বেসরকারি স্কুলগুলি অবশ্যই বন্ধ করে সম্পূর্ণরূপে দূরবর্তী শিক্ষণে ফিরে যেতে হবে।

ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ

অপরিহার্য নয় এমন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে বন্ধ করতে হবে। নিউ ইয়র্ক স্টেট এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York State Empire State Development Corporation) এর [অপরিহার্য ব্যবসা](#) হিসেবে নির্ধারিত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিই শুধুমাত্র খোলা রাখা যাবে।

খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ

রেস্টুরেন্ট, বার, ক্যাফে এবং অন্যান্য খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র নিয়ে যাওয়া এবং পৌঁছে দেওয়ার পরিষেবা প্রদান করতে পারবে। ভিতরে বা বাইরে বসে খাওয়া অনুমোদিত নয়।

উপাসনার জায়গা

উপাসনার জায়গাগুলি তার ক্যাপাসিটির 25%, সর্বাধিক 10 জন, এই দুটির মধ্যে যেটির সংখ্যা কম সেই সংখ্যক মানুষকে একই সাথে ভিতরে থাকার অনুমতি দিয়ে খুলতে পারবে।

জমায়েত

অত্যাবশ্যক-নয় এমন যে কোনো আকারের জমায়েত নিষিদ্ধ এবং অবশ্যই স্থগিত বা বাতিল করতে হবে। গণ সমাবেশ করতে উৎসাহিত করা, প্রচার করা বা সংগঠিত করার যে কোনো ব্যক্তিকে এক এক দিনের জন্য 15,000 ডলার পর্যন্ত জরিমানা করা হতে পারে।

অরেঞ্জ জোন

স্কুলসমূহ

সমস্ত নিউ ইয়র্ক সিটি সরকারি এবং বেসরকারি স্কুলগুলি অবশ্যই বন্ধ করে সম্পূর্ণরূপে দূরবর্তী শিক্ষণে ফিরে যেতে হবে।

ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ

জিম ও ফিটনেস সেন্টার সহ ব্যবসাগুলি, এবং নাপিত, চুল কাটার সেলুন, স্পা, ট্যাটু বা পিয়ারসিং পার্লর, নখের টেকনিশিয়ান এবং নখের সেলুন, কসমেটোলজিস্ট, এসথেটিসিয়ান, লেজার দিয়ে চুল তোলা এবং ইলেক্ট্রোলাইসিস, ইত্যাদি ব্যক্তিগত পরিচর্যা পরিষেবা অবশ্যই বন্ধ রাখতে হবে।

খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ

রেস্টুরেন্ট, বার, ক্যাফে এবং অন্যান্য খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র বাইরে বসে খাওয়া এবং নিয়ে যাওয়া এবং পৌঁছে দেওয়ার পরিষেবা প্রদান করতে পারবে। এক একটি টেবিলে সর্বাধিক চারজন থাকতে পারবেন। ভিতরে বসে খাওয়ার কোনো অনুমতি নেই।

উপাসনার জায়গা

উপাসনার জায়গাগুলি তার ক্যাপাসিটির 33%, সর্বাধিক 25 জন, এই দুটির মধ্যে যেটির সংখ্যা কম সেই সংখ্যক মানুষকে একই সাথে ভিতরে থাকার অনুমতি দিয়ে খুলতে পারবে।

জমায়েত

অত্যাৱশ্যক-নয় এমন জমায়েত, ভিতরে ও বাইরে, যেখানেই আয়োজিত হোক না কেন, অবশ্যই 10 জনের মধ্যে সীমিত রাখতে হবে। গণ সমাবেশ করতে উৎসাহিত করা, প্রচার করা বা সংগঠিত করার যে কোনো ব্যক্তিকে এক এক দিনের জন্য 15,000 ডলার পর্যন্ত জরিমানা করা হতে পারে।

ইয়েলো জোন

স্কুলসমূহ

সমস্ত নিউ ইয়র্ক সিটি সরকারি ও অসরকারি স্কুলগুলি খোলা রাখা যাবে। পরীক্ষা করার নির্দেশনাগুলি নিউ ইয়র্ক স্টেট, শুক্রবার, 10/9/2020 তারিখে ইস্যু করবে।

ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ

সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠান খোলা রাখা যেতে পারে কিন্তু তাদের [বিভাগের](#) ক্ষেত্রে প্রযোজ্য COVID-19 বাধ্যবাধকতাগুলি অবশ্যই মেনে চলতে হবে।

খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ

ভিতরে এবং বাইরে বসে খাওয়া অনুমোদিত। এক একটি টেবিলে সর্বাধিক চারজন থাকতে পারবেন।

উপাসনার জায়গা

উপাসনার জায়গা তার ক্যাপাসিটির 50% পর্যন্ত লোক নিয়ে খোলা যেতে পারে।

জমায়েত

অত্যাৱশ্যক-নয় এমন জমায়েত, ভিতরে ও বাইরে, যেখানেই আয়োজিত হোক না কেন, অবশ্যই 25 জনের মধ্যে সীমিত রাখতে হবে। গণ সমাবেশ করতে উৎসাহিত করা, প্রচার করা বা সংগঠিত করার যে কোনো ব্যক্তিকে এক এক দিনের জন্য 15,000 ডলার পর্যন্ত জরিমানা করা হতে পারে।

সব জোন

COVID-19 এর বিস্তার প্রতিরোধে সহায়তা করতে সমস্ত নিউ ইয়র্কবাসী কয়েকটি সহজ পদক্ষেপ নিতে পারেন।

- **বাড়িতে থাকুন:** অসুস্থ হলে বাড়িতে থাকুন, যদি না অত্যাৱশ্যক চিকিৎসা পরিচর্যার জন্য বা অন্যান্য অত্যাৱশ্যক কাজে বাইরে যেতে না হয়।

- **সামাজিক দূরত্ব:** অন্য মানুষদের থেকে অন্তত 6 ফুট দূরত্বে থাকুন। বড় জমায়েতে অংশগ্রহণ করবেন না, বিশেষ করে বন্ধ জায়গায় জমায়েতে। একটি মুখের আবরণ পরা সত্বেও নিজের এবং অন্যান্যদের মধ্যে একটি নিরাপদ দূরত্ব বজায় রাখার কথা মনে রাখুন।
- **একটি মুখের আবরণ পরা:** আপনার আশেপাশের সকলকে সুরক্ষিত করুন। উপসর্গগুলি না থাকা সত্বেও আপনি সংক্রমিত হয়ে থাকতে পারেন এবং কাশি, হাঁচি, বা কথা বলার সময় রোগটি ছড়াতে পারেন। সঠিকভাবে পরা থাকলে (নাক এবং মুখ দুটোই ঢেকে রেখে), মুখের আবরণ COVID-19 এর বিস্তার কমাতে সহায়তা করতে পারে।
- **হাতের সুস্থ স্বাস্থ্যবিধি অনুশীলন করুন:** সাবান ও জল দিয়ে ঘনঘন হাত ধুন বা সাবান ও জল উপলব্ধ না থাকলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন; যে পৃষ্ঠতলগুলি (সারফেস) প্রায়শই স্পর্শ করা হয় সেগুলি বার বার পরিষ্কার করুন; হাত না ধুয়ে আপনার মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন এবং আপনার কাশি বা হাঁচিগুলি হাতের বদলে হাতের উপরের অংশ (বাছ) দিয়ে ঢাকুন।
- **পরীক্ষা করান।** আপনার কাছাকাছি কোনও COVID-19 পরীক্ষা করার কেন্দ্র খুঁজে বার করতে nyc.gov/covidtest দেখুন অথবা 212-268-4319 নম্বরে ফোন করুন। হেলথ + হসপিটালস (Health + Hospitals) এবং NYC স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) পরিচালিত সমস্ত কেন্দ্র সহ, অনেক কেন্দ্রে বিনবামূল্যে পরীক্ষা করানো হয়।

COVID-19 সম্পর্কে সাধারণ তথ্যের জন্য, nyc.gov/health/coronavirus দেখুন।

পরিস্থিতি যেমন হবে নিউ ইয়র্ক সিটি সেই অনুযায়ী তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

10.7.20